SALCO
South Asian Legal Clinic of Ontario

# স্বামী/স্ত্রী বা সঙ্গীর জামিনদারির (স্পাউস অর পার্টনার স্পন্সরশিপ) মাধ্যমে স্থায়ী বাসিন্দা হওয়া

## স্বামী/স্ত্রী বা সঙ্গীর জামিনদারি বা স্পাউস অর পার্টনার স্পনসরশিপ বলতে কী বোঝায়?

কানাডায় স্থায়ীভাবে বসবাস করার বেশ কয়েকটি উপায় রয়েছে। স্বামী/স্ত্রী বা সঙ্গী কর্তৃক জামিনদারি বা স্পন্সরশীপ সেগুলোর মধ্যে একটি। আপনি বিবাহিত হলে বা সম্পর্কে আবদ্ধ থাকলে, এবং আপনার স্বামী/স্ত্রী বা সঙ্গী কানাডিয়ান নাগরিক বা স্থায়ী বাসিন্দা (PR) হলে তারা আপনার স্থায়ী বাসিন্দা হওয়ার লক্ষ্যে স্পন্সরশীপ বা জামিনদারির জন্য আবেদন করতে পারেন।

## স্বামী/স্ত্রী বা সঙ্গী কারা?

- স্বামী/স্ত্রী: আপনি আপনার জামিনদারের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ এবং এ বিয়ে আপনার দেশ এবং কানাডা উভয় ক্ষেত্রেই বৈধ

- সঙ্গী:
    সাধারণ-আইনি সঙ্গী: আপনি এবং আপনার স্পন্সর বিয়ের অনুরূপ সম্পর্কে একসাথে অন্তত এক বছর বসবাস করেছেন
    দাম্পত্য সঙ্গী: আপনি আপনার স্পনসরের সাথে অন্তত এক বছর ধরে বিয়ের অনুরূপ সম্পর্কে আবদ্ধ রয়েছেন, কিন্তু আপনার নিয়ন্ত্রণের বাইরে বিভিন্ন কারণে আপনারা একসাথে থাকতে পারেননি

## ইমিগ্রেশন, রিফিউজি ও সিটিজেনশিপ কানাডার (IRCC)-এর অধীনে দুই ধরনের দম্পতি বা সঙ্গী জামিনদারির কার্যক্রম রয়েছে

- পরিবার শ্রেণী বা ফ্যামিলি ক্লাস (যদি আপনি কানাডার বাইরে বসবাসকারী স্বামী/ স্ত্রী, সাধারণ আইনি সঙ্গী বা দাম্পত্য সঙ্গী হন)
- স্বামী/স্ত্রী বা কানাডার সাধারণ-আইনি সঙ্গী শ্রেণী বা স্পাউস অর কমন ল পার্টনার ইন কানাডা ক্লাস (যদি আপনি এমন স্বামী/স্ত্রী বা সাধারণ আইনি সঙ্গী হন যিনি কানাডায় স্পন্সরের সাথে বসবাস করছেন এবং আপনার কোনো ধরনের অস্থায়ী বাসিন্দার মর্যাদা রয়েছে)

**আপনি এবং আপনার জামিনদার উভয়কেই জামিনদারির উপযুক্ত হওয়ার জন্য নির্দিষ্ট শর্ত পূরণ করতে হবে।**

## কে জামিনদারির আওতায় আসবেন?

**আপনি জামিনদারির আওতায় আসবেন যদি:**

- আপনি (স্পন্সরের) স্বামী/স্ত্রী, সাধারণ-আইনি সঙ্গী বা দাম্পত্য সঙ্গী হন
- আপনি 18 বছর বা তার চেয়ে বেশি বয়সী হন
- আপনি কানাডায় বসবাস করতে চান
- আপনি স্পন্সরের বা জামিনদারের সাথে প্রকৃত সম্পর্কে আবদ্ধ (অভিবাসন পাওয়ার উদ্দেশ্যে নয়)

## কে স্পন্সর (জামিনদার) হতে পারবেন?

**যে কোনো ব্যক্তি জামিনদার হতে পারেন যদি:**

- তারা কমপক্ষে 18 বছর বয়সী হন
- তারা কানাডার নাগরিক বা স্থায়ী বাসিন্দা হন
- তারা কানাডায় বসবাস করেন (কানাডার নাগরিকদের জন্য ব্যতিক্রম: তারা কানাডার বাইরে

SALCO
South Asian Legal Clinic of Ontario

বসবাস করলে তাদের দেখাতে হবে যে, তারা যার জামিনদারহচ্ছেন তার PR হলে তাদের কানাডায় বসবাস করার পরিকল্পনা রয়েছে)

- যাকে স্পন্সর করা হচ্ছে তার সাথে প্রকৃত সম্পর্ক থাকে (অভিবাসন পাওয়ার উদ্দেশ্যে নয়)
- তারা দেখাতে পারেন যে তারা যে ব্যক্তির জামিনদার হতে চান তার মৌলিক চাহিদা পূরণে তারা সক্ষম

দ্রষ্টব্য: কানাডায় স্থায়ী বাসিন্দা হওয়ার জন্য আপনাকে একটি নিরাপত্তা পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। আপনাকে ডাক্তারি পরীক্ষাও করাতে হবে, তবে আপনি স্বামী/স্ত্রী বা সাধারণ-আইনি সঙ্গী শ্রেণীর অধীনে আবেদন করলে চিকিৎসাগত কারণে আপনাকে প্রত্যাখ্যান করা যাবে না।

## কে স্পন্সর বা জামিনদার হতে পারবেন না?

**কোনো ব্যক্তি স্পন্সর করতে পারবেন না যদি:**

- তারা কোনো অপরাধের জন্য দোষী সাব্যস্ত হয়ে থাকেন (যৌন অপরাধের জন্য দন্ডিত হয়েছেন, বা এটি করার প্রচেষ্টা করেছেন বা এ অপরাধ সংঘটনের হুমকি দিয়েছেন, হিংসাত্মক অপরাধ যার সর্বোচ্চ শাস্তি 10 বছর বা তার চেয়ে বেশি কারাদণ্ড, আত্মীয়/পরিবারের সদস্যরা শারীরিক ক্ষতির সম্মুখীন হয়েছে এমন অপরাধ)
- তাদের বহিষ্কারের আদেশ থেকে থাকে
- তারা জেলে থেকে থাকেন
- তারা সরকারের কাছ থেকে অক্ষমতা ভাতা ছাড়া অন্য সামাজিক সহায়তা বা সোশ্যাল ওয়েলফেয়ার গ্রহণ করেন (উদাহরণস্বরূপ, ওন্টারিও ওয়ার্কস)
- তারা নিজেরাই স্বামী/স্ত্রী বা সঙ্গী দ্বারা স্পন্সর হয়েছিলেন এবং 5 বছরেরও কম সময় আগে স্থায়ী বাসিন্দা হয়েছেন
- তাদের কিছু ঋণ বা আর্থিক দায়িত্ব রয়েছে যেমন:
    - o তারা এখনো আগের স্বামী/স্ত্রী বা সঙ্গী যাদের আর্থিকভাবে জামিনদার হয়েছিলেন তাদের জন্য দায়িত্বপ্রাপ্ত

o তারা তাদের কাছে পাওনা ভরণপোষণ বা চাইল্ড সাপোর্টের অর্থ প্রদান করেননি

o তারা IRCC থেকে নেওয়া কোনো ঋণ ফেরত দেননি

o পূর্বে স্পন্সর করা স্বামী/স্ত্রী বা সঙ্গী যে সামাজিক সহায়তা পেয়েছিলেন সেটা ফেরত দেননি

o তারা দেউলিয়া হওয়ার জন্য আবেদন করেছেন এবং এখনো তা থেকে মুক্ত হননি

**দ্রষ্টব্য: স্বামী-স্ত্রী/সাধারণ আইন/দাম্পত্য সঙ্গী বিষয়ক স্পন্সরশীপের ক্ষেত্রে আপনার কোনো আয় না থাকলেও আপনি স্পনসর করতে পারবেন (এ ধরনের স্পনসরশিপের জন্য কোনো আয়ের প্রয়োজন নেই)। তবে, আপনি কোনও সমাজকল্যাণ ভাতা বা সোশ্যাল এসিস্টেন্সের উপর নির্ভরশীল থাকতে পারবেন না।**

## জামিনদারির অঙ্গীকার:

জামিনদারির অর্থ হলো আপনার স্বামী/স্ত্রী বা সঙ্গী আপনি PR হওয়ার পর নির্দিষ্ট সময়ের জন্য আপনাকে আর্থিকভাবে সহায়তা করার প্রতিশ্রুতি দিচ্ছেন। এটাকে বলা হয় আন্ডারটেকিং বা "অঙ্গীকার"। স্বামী/স্ত্রী বা সঙ্গীর ক্ষেত্রে আপনার স্পন্সরকে অবশ্যই প্রতিশ্রুতি দিতে হবে যে, তিনি আপনি PR হওয়ার দিন থেকে 3 বছর পর্যন্ত আর্থিকভাবে আপনাকে সহায়তা করবেন। যদি আপনার সন্তান থাকে, তাহলে সন্তানের PR লাভের পর থেকে এই ব্যবস্থাটি 10 বছর ধরে চলবে, অথবা যতক্ষণ না সন্তানের বয়স 25 বছর হয় (যেটি আগে ঘটবে)। আপনি বা আপনার সন্তান সেই সময়ের মধ্যে সামাজিক সহায়তা তহবিল বা সোশ্যাল ওয়েলফেয়ার বা এসিস্টেন্সের উপর নির্ভরশীল হলে আপনার স্পন্সরকে সেই অর্থ সরকারকে ফেরত দিতে হবে।

## কিভাবে আবেদন করতে হবে

বর্তমানে আবেদন শুধুমাত্র অনলাইনে জমা দেওয়া যাবে। কোনো শারীরিক অক্ষমতা বা অন্য কোনো কারণে অনলাইনে আবেদন করতে না পারলে আপনি IRCC-কে কাগজে-কলমে আবেদনের অনুরোধ জানাতে পারেন।

১. স্পন্সর হওয়ার জন্য আপনার জামিনদারকে অবশ্যই একটি আবেদনপত্রপূরণ করতে হবে। আপনি এবং আপনার স্পন্সর উভয়কেই এই আবেদনে ইলেকট্রনিক উপায়ে স্বাক্ষর করতে হবে। স্পন্সরকে অতিরিক্ত কিছু ফর্ম পূরণ করতে হবে।

২. আপনার স্পন্সর তাদের ফরমসমূহের ইলেকট্রনিক কপি আপনাকে দেবেন যাতে আপনি তা আপনার অনলাইন আবেদনে আপলোড করতে পারেন। মূল আবেদনকারী হিসাবে আপনাকে নিজস্ব ফর্মসমূহও পূরণ করতে হবে। আপনাকে সম্পূর্ণ আবেদনের জন্য স্বাক্ষর করতে হবে।

৩. আপনাকে (মূল আবেদনকারী) অবশ্যই আবেদন পোর্টালে (পার্মানেন্ট রেসিডেন্স পোর্টাল হিসাবে পরিচিত) একটি অনলাইন অ্যাকাউন্ট তৈরি করতে হবে এবং অনলাইনে স্থায়ী আবাসের জন্য যথাযথ ফর্মসমূহ পূরণ করতে হবে।

৪. IRCC-এর ওয়েবসাইটে বিস্তারিত আবেদন নির্দেশিকা এবং আবেদনের সাথে আপনাকে যা নথিপত্র প্রদান করতে হবে সে সম্পর্কে আপনার সচেতনতা মর্মে নিশ্চিত করতে প্রয়োজনীয় দলিলাদির তালিকা রয়েছে। দ্রষ্টব্য: আপনি কোথায় বাস করেন সেটার উপর নির্ভর করে আপনার দেশের জন্য নির্দিষ্ট অতিরিক্ত ফর্ম পূরণ করতে হতে পারে। দেশ ভিত্তিক নির্দিষ্ট ফর্মসমূহের জন্য IRCC-এর ওয়েবসাইট দেখুন।

৫. ফর্মের সাথে আপনি এবং আপনার স্পন্সর উভয়কেই প্রমাণক দলিলাদি সরবরাহ করতে হবে। উদাহরণস্বরূপ, আপনার স্পন্সরকে কানাডায় অবস্থানের প্রমাণ, আয়ের প্রমাণ ইত্যাদি সরবরাহ করতে হবে। আপনাকে ID কাগজপত্র, পুলিশ সার্টিফিকেট, সম্পর্কের প্রমাণ, যেমন বিয়ের ছবি, ইমেইল, বার্তা, চিঠি ইত্যাদির মতো জিনিসও সরবরাহ করতে হবে।

৬. আবেদন ফী পরিশোধ করতে হবে ।

৭. আবেদন জমা দিতে হবে।

## ফী

আপনাকে কানাডার ভিতর বা বাইরে যেখান থেকেই স্পন্সর করা হোক না কেন, ফী তে তিনটি অংশ থাকবে। আবেদনে কতজন সন্তান রয়েছে সেটার উপর নির্ভর করে আপনাকে অতিরিক্ত ফী প্রদান করতে হবে।

১. স্পন্সরশীপ ফী ($৭৫) - অবশ্যই আবেদনের সাথে পরিশোধ করতে হবে

২. মূল আবেদনকারীর জন্য প্রক্রিয়াকরণ ফী ($৪৯০) - অবশ্যই আবেদনের সাথে পরিশোধ করতে হবে

৩. স্থায়ী আবাসের অধিকার ফী ($৫৭৫) - আবেদনের সাথে বা পরবর্তীতে পরিশোধ করা যেতে পারে

৪. আপনার আবেদনে নির্ভরশীল সন্তানের জন্য ফী - আপনাকে প্রতি সন্তানের জন্য $৭৫৫পরিশোধ করতে হবে।

## আমার আবেদন প্রত্যাখ্যাত হলে কী হবে?

আপনার কানাডার বাইরে থেকে করা আবেদন প্রত্যাখ্যান করা হলে স্পন্সর অভিবাসন এবং শরণার্থী বোর্ডের (IRB) অভিবাসন আপিল বিভাগে (IAD) আবেদন করতে পারবেন IRB হলো একটি ট্রাইব্যুনাল যা অভিবাসন এবং শরণার্থী মামলার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে। কেন আবেদন গ্রহণ করা উচিত আপনার জামিনদার বা তাদের আইনজীবী তা ব্যাখ্যা করতে পারবেন। আপিল প্রক্রিয়া শুরু করার জন্য আপনার স্পন্সর আপনি প্রত্যাখ্যানের চিঠি পাওয়ার তারিখ থেকে ৩০ দিন সময় পাবেন।

আপনি ইন-কানাডা স্বামী/স্ত্রী/ সাধারণ-আইনের আওতায় জামিনদারির জন্য আবেদন করলে আপনাকে IAD (IRB)-এর কাছে আপিল করার অনুমতি দেওয়া হবে না। আপনি শুধুমাত্র ফেডারেল আদালতে বিচার বিভাগীয় পর্যালোচনার জন্য আবেদন করতে পারবেন।